

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬১৮

পর্ব - ৪ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ফলের অনুমান করা ও চাষির জন্য যা ছেড়ে দেয়া হবে

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ _رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: أَمْرَنَا رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «إِذَا خَرَصْتُمْ, فَخُذُوا, وَدَعُوا التُّلُثَ, فَإِنْ لَمْ تَدَعُوا التُّلُثَ, فَدَعُوا الرُّبُعَ». رَوَاهُ الْخَمْسَةُ إِلَّا اِبْنَ مَاجَهْ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ

ضعيف. رواه أبو داود (1605)، والنسائي (5/ 42)، والترمذي (643)، وأحمد (3/ 448 و 4/ 2 _ 3 و 3)، وابن حبان (798 موارد)، والحاكم (1/ 402) من طريق عبد الرحمن بن نيار، عن سهل به. قلت: وابن نيار «لا يعرف» كما قال ابن القطان، والذهبي

বাংলা

৬১৮. সাহল বিন আবূ হাসমা থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নির্দেশ করেছেন, যখন তোমরা হিসাব করবে (খেজুর জাতীয় ফলের যাকাত) তখন তা হতে এক তৃতীয়াংশ বাদ দিয়ে হিসেব করবে; যদি এক তৃতীয়াংশ ছাড়তে না পার তাহলে এক চতুর্থাংশ ছাড়বে। -ইবনু হিব্বান ও হাকিম একে সহীহ বলেছেন।[1]

English

Sahl bin Abi Hathmah (RAA) narrated, "We were commanded by the Messenger of Allah (ﷺ), 'Whenever you assess the amount of something, estimate the [Zakah] and ignore one-third. If you do not, then leave (at



least) one fourth." Related by the five Imams, except for Ibn Majah.

ফুটনোট

[1] আবূ দাউদ ১৬০৫, তিরমিয়ী ৬৪৩, নাসায়ী ২৪৯১. আবূ দাউদ ১৫২৮৬, ১৫৬৬২

বিন বায বুলুগুল মারামের শারাহ (৩৮১) গ্রন্থে এর সানাদকে হাসান বলেছেন। শাইখ আলবানী সিলসিলা যঈফা (২৫৫৬), যঈফুল জামে (৪৭৬), আবৃ দাউদ (১৬০৫), তিরমিয়ী (৬৪৩) গ্রন্থসমূহে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম বাযযার আল বাহরুষ যিখার (৬/২৭৯) গ্রন্থে বলেন, এ হাদীসের রাবী আবদুর রহমান বিন নাইয়ার পরিচিত। ইবনুল কাইয়ায়ম আলামুল মুআক্কিয়ীন (২/২৬৬) গ্রন্থে হাদীসটিকে সহীহ বলেছেন। ইবনু হাজার আত্তালখীসুল হাবীর (২/৭৫৫) গ্রন্থে বলেন, যদিও এর সানাদে আবদুর রহমান বিন মাস'উদ রয়েছে তার পরও এর শাহেদ হাদীস রয়েছে। সানআনী সুবুলুস সালাম (২/২২১) গ্রন্থে বলেন, এর সানাদ হচ্ছে মাজহুল হাল। ইমাম শাওকানী নাইলুল আওত্বার (৪/২০৫) গ্রন্থে বলেন, আব্দুর রহমান বিন মাস'উদ বিন নাইয়ার সম্পর্কে ইবনুল কান্তান বলেন, তার অবস্থা জানা যায় না। এর শাহেদ রয়েছে আর তাতে রয়েছে ইবনু লাহীআহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবনু আবূ হাসমা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন